

মুগান্ধ

প্রিন্ট: ০৫ মে ২০২৫, ০৮:৩৪ এএম

সারাদেশ

হাবিপ্রবির ভর্তি পরীক্ষা সোমবার, আসনপ্রতি লড়ছেন ৪০ জন



দিনাজপুর প্রতিনিধি

প্রকাশ: ০৪ মে ২০২৫, ০৯:০২ পিএম



দিনাজপুরের হাজী মোহাম্মদ দানেশ বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (হাবিপ্রবি) ১০২৪-১০২৫ শিক্ষাবর্ষের ভর্তি পরীক্ষা সোমবার। এতে প্রতি আসনের বিপরীতে প্রতিদ্বন্দ্বিতা করছেন ৪০ জনেরও বেশি পরীক্ষার্থী।

সোমবার (৫ মে) থেকে আগামী বুধবার (৭ মে) পর্যন্ত অনুষ্ঠিত হবে ৫টি ইউনিটের ভর্তি পরীক্ষা।

বিশ্ববিদ্যালয় সুত্রে জানা যায়, ১০২৪-১০২৫ শিক্ষাবর্ষে হাবিপ্রবির ৫টি ইউনিটে মোট আসন সংখ্যা ১ হাজার ৭৯৫টি। ভর্তি পরীক্ষায় অংশগ্রহণের জন্য আবেদন করেছেন ৭২ হাজার ৯৮৪ জন। ফলে আসন প্রতি দাঁড়ায় ৪০ দশমিক ৬৫ জন শিক্ষার্থী।

ভর্তির জন্য আবেদনকৃত শিক্ষার্থীদের মধ্যে ‘এ’ ইউনিটে ২৫ হাজার ৪০৩ জন, ‘বি’ ইউনিটে ১২ হাজার ২৯৩ জন, ‘সি’ ইউনিটে (বাণিজ্য) ১ হাজার ৩৯৪ জন, ‘সি’ ইউনিট (বিজ্ঞান ও মানবিক) ৪ হাজার ৪৫৬ জন এবং ‘ডি’ ইউনিটে ১৮ হাজার ৪৩৮ জন।

এদিকে ভর্তি পরীক্ষা সুষ্ঠু ও শান্তিপূর্ণভাবে সম্পন্ন করার লক্ষ্যে শনিবার সন্ধ্যা ৭টা থেকে রাত ১০টা পর্যন্ত হাবিপ্রবির ভাইস-চ্যান্সেলর অধ্যাপক ড. মো. এনাম উল্যার সভাপতিত্বে বিশ্ববিদ্যালয়ের প্রশাসনিক ভবনের ভিআইপি সম্মেলন কক্ষে একটি প্রস্তুতি সভা অনুষ্ঠিত হয়।

সভায় হাবিপ্রবির ভিসি অধ্যাপক ড. মো. এনাম উল্যা বলেন, ভর্তি পরীক্ষা সুষ্ঠু, ত্রুটিমুক্ত ও সুন্দরভাবে অনুষ্ঠিত করার লক্ষ্যে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ সব ধরনের ব্যবস্থা নিয়েছে।

এ ব্যাপারে তিনি উপস্থিত আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনী, মেস মালিক সমিতি, জেলা পরিবহণ মালিক সমিতি, জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণসহ সর্বস্তরের জনসাধারণের সার্বিক ও আন্তরিক সহযোগিতা কামনা করেন।

এদিকে ভর্তিচ্ছুল শিক্ষার্থী ও অভিভাবকদের সুবিধার জন্য বিশ্ববিদ্যালয় প্রশাসনের পক্ষ থেকে বেশকিছু সেবামূলক উদ্যোগ নেওয়া হয়েছে। রাজশাহী থেকে ছেড়ে আসা বাংলাবান্ধা এক্সপ্রেস এবং ঢাকা থেকে ছেড়ে আসা একতা এক্সপ্রেস ট্রেনে আসা শিক্ষার্থী ও তাদের অভিভাবকদের

দিনাজপুর রেলস্টেশন থেকে হাবিপ্রবি ক্যাম্পাসে আনার জন্য হাবিপ্রবির বাস সার্ভিস চালু রাখা হবে।

বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ জানিয়েছে, চলমান তাপপ্রবাহসহ যে কোনো জরুরি স্বাস্থ্যসেবায় হাবিপ্রবি মেডিকেল সেন্টার ও সার্বক্ষণিক অ্যাম্বুলেন্স সার্ভিস চালু রাখা হবে। প্রতিটি পরীক্ষা কেন্দ্রে একজন ডাক্তারসহ ফাস্ট এইড মেডিসিনের ব্যবস্থা রাখা হবে। পাশাপাশি দিনাজপুর মেডিকেল কলেজ ও সদর হাসপাতালের ডাক্তারদের সমন্বয়ে একটি মেডিকেল টিম স্বাস্থ্যসেবা প্রদানে প্রস্তুত থাকবে।

এছাড়া আগত পরীক্ষার্থী ও অভিভাবকদের বিশ্রামের জন্য প্রতিটি একাডেমিক ভবনের সামনে বসার ও সুপেয় পানির ব্যবস্থা করা হয়েছে। মেয়ে পরীক্ষার্থী ও মহিলা অভিভাবকদের জন্য ছাত্রী হল ও টিএসসিতে ওয়াশরুমের ব্যবস্থা করা হয়েছে। ছেলে পরীক্ষার্থী ও পুরুষ অভিভাবকদের জন্য ছাত্র হল ও মসজিদে ওয়াশরুমের ব্যবস্থা থাকবে।

অসুস্থ ও শারীরিক প্রতিবন্ধী পরীক্ষার্থীদের কেন্দ্রে পৌঁছে দেওয়ার জন্য রেড ত্রিসেন্ট, রোভার স্কাউট ও বিএনসিসির সমন্বয়ে একটি টিম কাজ করবে। প্রতিটি একাডেমিক ভবনের সামনে সিট প্ল্যানসহ বিস্তারিত রোডম্যাপ টাঙ্গিয়ে দেওয়া হবে।

নিরাপত্তার জন্য ক্যাম্পাসের সকল গুরুত্বপূর্ণ জায়গা সিসিটিভির আওতায় থাকবে। পাশাপাশি নির্বাহী ম্যাজিস্ট্রেটের তত্ত্বাবধানে ভাম্যমাণ আদালতসহ পর্যাপ্তসংখ্যক আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর সদস্য ও স্বেচ্ছাসেবকরা সার্বক্ষণিক দায়িত্ব পালন করবেন।